

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.gopalganj.gov.bd

স্মারক নং-৫১.০১.৩৫০০.০০০.৪২.০০৫.২৩- ৬৫৪

তারিখ: ২০/০৯/২০২৩খ্রি.

বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয়ের বরাদ্দকৃত প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত অর্থ উপ-বরাদ্দ।

সূত্র : বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয়ের স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.১৪.০০২.১৮-২০৫, তারিখ: ১৪/০৯/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয়ের বরাদ্দকৃত অর্থের বিপরীতে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির পরিপত্র এবং বরাদ্দপত্রের নির্দেশনা অনুসরণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্পগুলি বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে নিম্নে বর্ণিত অর্থ উপ-বরাদ্দ প্রদান করা হলোঃ

ক্র. নং-	উপজেলার নাম	প্রকল্পের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	গোপালগঞ্জ সদর	চরমানিকদাহ মধ্য দক্ষিণ পাড়া জামে মসজিদ সংস্কার।	৭৫,০০০/-
২	কোটালীপাড়া	সার্বজনীন শ্রী শ্রী রাধা গোবিন্দ মন্দির সংস্কার	৭৫,০০০/-
৩		রতাল জামে মসজিদ সংস্কার।	১,০০,২৫০/-
		মোট=	২,৫০,২৫০/-

এ ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

শর্তাবলী:-

- ১ম কিস্তির প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সময়সীমা আগামী ৩০/০৯/২০২৩খ্রি.
- এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, (টিআর) নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথ অনুসরণ করতে হবে।
- চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/ক্ৰীম গ্রহণ করা যাবে না।
- এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই (টিআর) কর্মসূচির নির্দেশিকার-৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা, প্রি ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়, প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলকভাবে করতে হবে।
- নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।
- বাস্তবায়নাদীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- এ বরাদ্দের অর্থ দিয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/ জনকল্যানমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এক্ষেত্রে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
- বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্পের কাজ শুরু করা এবং অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত নিতে হবে।
- কোন প্রকল্প ডুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।
- প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলকভাবে স্থাপন করতে হবে।
- বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ এবং নিরীক্ষার জন্য বরাদ্দকৃত অর্থের হিসাব সংরক্ষণ করতে হবে।
- গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে উপবরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে।
- উল্লিখিত প্রকল্পসমূহের ৫০% প্রকল্প উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক পরিদর্শন রিপোর্ট উপবরাদ্দ প্রদানের ৩০ কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

২০.৯.২০২৩

কাজী মাহবুবুল আলম
জেলা প্রশাসক
গোপালগঞ্জ

ফোন : ০২-৪৭৮৮২১৭২০ (অফিস)
Email: dcgopalganj@mopa.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর/কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোপালগঞ্জ সদর/কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৪। জেলা একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, গোপালগঞ্জ।
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোপালগঞ্জ সদর/কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ সদর/কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৭। সংরক্ষণ নথি।